

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ১২, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ বৈশাখ ১৪২৬ বঙ্গাব্দ/১২ মে ২০১৯ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১১০-আইন/২০১৯।—বিশেষ জজ আদালত নং-৩, ঢাকা-এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৪/০৮, যাহা তেজগাঁও থানার মামলা নং-৫(৯)০৭, Penal Code, 1860 (Act No. XLV of 1860) এর ধারা ৪০৯/১০৯ এবং Prevention of Corruption Act, 1947 (Act No. II of 1947) এর ধারা ৫(২), জরুরী বিধি/০৭ এর ১৫ (খ) (৫) এর বিচার কার্যক্রম ঢাকা মহানগরের বকসি বাজার এলাকার সরকারি আলিয়া মাদ্রাসা ও সাবেক ঢাকা কেন্দ্রীয় কারাগার সংলগ্ন মাঠে পরিচালিত হইতেছে। নিরাপত্তাজনিত কারণে Code of Criminal Procedure, 1898 (Act.V of 1898) এর section 9 এর sub-section (2) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিশেষ জজ আদালত-৩, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৪/০৮ এর বিচার কার্যক্রম পরিচালনা করিবার জন্য কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, ঢাকা এর সম্মুখে নবনির্মিত ২ নং ভবন-কে অস্থায়ী আদালত হিসাবে ঘোষণা করিল এবং এতদ্বারা নির্দেশ প্রদান করিল যে, বিশেষ জজ আদালত নং-৩, ঢাকা এ বিচারাধীন বিশেষ মামলা নং-০৪/০৮ এর বিচার কার্যক্রম কেন্দ্রীয় কারাগার, কেরানীগঞ্জ, ঢাকা এর সম্মুখে নবনির্মিত ২ নং ভবনের অস্থায়ী আদালতে অনুষ্ঠিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ গোলাম সারওয়ার
যুগ্মসচিব (প্রশাসন-১)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৫৫৭৩)

মূল্য : টাকা ৪.০০